# পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

মেদিনীপুর :: ৭২১১০১

স্মারক সংখ্যাঃ- ২৪৫ / BOBS / ০৩৯ তারিখঃ- ০৩.০৬.২০২৬

**বিষয়ঃ- পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ-এর অধীনে পশ্চিম মেদিনীপুর জেলায় মেদিনীপুর সদর ব্লকে অবস্থিত মনিদহ ফেরীঘাট ইজারা বন্দোবস্ত ইং-০১.০৭.২০২৬ থেকে ৩০.০৬.২০২৭ পর্যন্ত দেওয়ার জন্য ই-নিলামের আমন্ত্রন জানানোর বিজ্ঞপ্তি।**

পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার ম্যানুয়াল, ১৯৯১ এর নিয়ম ২৮১, ২৬৬এ অনুসারে, মেদিনীপুর সদর ব্লকে অবস্থিত মনিদহ ফেরিঘাটের জন্য সরকারি নিলাম ব্যবস্থা (https://eauction.gov.in) এর মাধ্যমে অনলাইনে ফেরি ও সর্ব-আবহাওয়া সেতুর জন্য ফেরিঘাট ইজারা দেওয়ার জন্য বিশ্বস্ত নৌকাচালক, স্বতন্ত্র উদ্যোক্তা, নিবন্ধিত সমবায় সমিতি বা অংশীদারিত্ব সংস্থা / নৌকাচালক বংশগত পাটনী দ্বারা গঠিত সংস্থা, স্ব-সহায়ক গোষ্ঠী, স্থানীয় শিক্ষিত বেকার ব্যক্তিদের অংশীদারিত্ব সংস্থাগুলির কাছ থেকে দরপত্র আহ্বান করা হচ্ছে। এই নোটিশের সাথে সংযুক্ত নথিতে এবং ই-নিলাম সিস্টেম পোর্টালে শর্তাবলী দেওয়া আছে এবং জেলা ওয়েবসাইট, জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা কালেক্টরের অফিস, পশ্চিম মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ অফিস, সমস্ত ব্লক উন্নয়ন অফিসে পাওয়া যাবে।

- **গুরুত্বপূর্ণ তারিখগুলি নীচে দেওয়া হলঃ-**

| ই-নিলামের জন্য গুরুত্বপূর্ণ তারিখ ও সময় | | |
|---|---|---|
| **বিষয়** | **তারিখ** | **সময়** |
| প্রকাশনার তারিখ | ০৩.০৬.২০২৬ | সন্ধ্যা ৬.০০ টায় |
| প্রাক-বিড-এর সভা / প্রশিক্ষণ | ০৪.০৬.২০২৬ | দুপুর ১২.০০ টায় |
| অনলাইন বিড অনুরোধ এবং কাগজপত্র / নথিপত্রের স্ক্যান কপি জমা দেওয়ার শুরুর তারিখ এবং সময় | ০৪.০৬.২০২৬ | সকাল ১০.০০ টায় |
| অনলাইন বিড অনুরোধ এবং কাগজপত্র / নথিপত্রের স্ক্যান কপি জমা দেওয়ার শেষের তারিখ এবং সময় | ২০.০৬.২০২৬ | সন্ধ্যা ৬.০০ টায় |
| অফলাইনে আবেদন ফি এবং ইএমডি জমা দেওয়ার শুরুর তারিখ (পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ অফিসে) | ০৪.০৬.২০২৬ | সকাল ১০.০০ টায় |
| অফলাইনে আবেদন ফি এবং ইএমডি জমা দেওয়ার শেষের তারিখ (পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ অফিসে) | ২০.০৬.২০২৬ | সন্ধ্যা ৬.০০ টায় |
| অনুমোদন শুরুর তারিখ এবং সময় | ২২.০৬.২০২৬ | সকাল ১০.০০ টায় |
| অনুমোদন শেষের তারিখ এবং সময় | ২২.০৬.২০২৬ | সন্ধ্যা ৬.০০ টায় |
| নিলাম শুরুর তারিখ এবং সময় | ২৩.০৬.২০২৬ | সকাল ১০.০০ টায় |
| নিলাম শেষের তারিখ এবং সময় | ২৩.০৬.২০২৬ | সন্ধ্যা ৬.০০ টায় |

প্রতিযোগিতামূলক সরকারি ই-নিলাম (https://eauction.gov.in) ব্যবস্থায় অংশগ্রহনে আগ্রহী দরদাতাদের ডিজিটাল স্বাক্ষর শংসাপত্র থাকতে হবে।

- **পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের অধীনে ফেরিঘাটের সময়সূচীঃ-**

| ক্রমিক সংখ্যা | সম্পত্তির ধরণ | পরিমান | একক | নিলাম শুরু মূল্য (টাকা) | দরবৃদ্ধি / দরহ্রাসের মূল্য (টাকা) | নিলাম মূল্য (টাকা) | ইএমডি মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | ৭ |
| ১ | মনিদহ | ১ | কি. মি. | ১৭১৭০০০ | ১০০০০ | ই-নিলামের মাধ্যমে নির্ধারিত সর্বশেষ মূল্য | ১৭১৭০০০ অথবা ই-নিলামের মাধ্যমে নির্ধারিত সর্বশেষ মূল্যের ১০ শতাংশ |

কাগজপত্র / নথিপত্রের স্ক্যান করা কপি (নীচে তালিকাভুক্ত), উপরে উল্লিখিত তারিখে (ই-নিলামের জন্য গুরুত্বপূর্ণ তারিখ এবং সময়) শুধুমাত্র NIC-র ই-নিলাম পোর্টালের (https://eauction.gov.in) মাধ্যমে অনলাইনে জমা দিতে হবে।

ই-নিলামের গুরুত্বপূর্ণ তারিখ এবং সময়ে, উল্লেখিত তারিখে শুধুমাত্র আবেদন ফি এবং ইএমডি বাবদ ব্যাংক ড্রাফটগুলি পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ, মেদিনীপুরে সশরীরে জমা দিতে হবে।

- **প্রয়োজনীয় কাগজপত্র (আপলোড করা বাধ্যতামূলক):-**

(ক) বৈধ নিবন্ধন বা অংশীদারিত্বের দলিল (অংশীদারিত্ব সংস্থা, SHG গ্রুপ, সমবায় সমিতির জন্য প্রযোজ্য)।

(খ) কমপক্ষে এক বছরের জন্য লিজে সফলভাবে ফেরিঘাট বা মৎস্য খামার পরিচালনার অভিজ্ঞতা।

(গ) প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত ফটোকপি।

(ঘ) Assessment Year 2023-24, 2024-25, 2025-26 এর ইনকাম-ট্যাক্স রিটার্নের নথির স্ব-প্রত্যয়িত ফটোকপি।

(ঙ) ট্রেড লাইসেন্সের স্ব-প্রত্যয়িত ফটোকপি (বৈধ এবং সাম্প্রতিক)।

(চ) ভোটার পরিচয়পত্র / আধার কার্ডের স্ব-প্রত্যয়িত ফটোকপি (ব্যক্তিগতদের জন্য)

(ছ) পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের তহবিল স্থানান্তর অ্যাকাউন্টের অনুকূলে Earnest Money এবং আবেদন ফি বাবদ ডিমান্ড ড্রাফ্ট দিতে হবে।

প্রদত্ত ফেরিঘাটের সময়সূচী, আগ্রহী দরদাতারা পরীক্ষা করে দেখতে পারেন এবং বর্তমান পরিস্থিতির সাথে পরিচিত হওয়ার জন্য তারা ফেরিঘাটগুলি সশরীরে পরিদর্শন করতে পারেন।

ইচ্ছুক দরদাতাদের সাথে প্রাক-বিড সভা ০৪.০৬.২০২৬ তারিখে দুপুর ১২.০০ টায় পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদে অনুষ্ঠিত হবে।

ই-নিলাম সম্পর্কিত হেল্পলাইন নম্বরঃ (০৩২২২ – ২৭৫০৭১)।

3/6/26

সচিব
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

স্মারক সংখ্যাঃ- ২৪৫ / ১ (২৪০) / BOBS / ০৩৯ তারিখঃ- ০৩.০৬.২০২৬

প্রতিলিপি জ্ঞাতার্থে প্রেরিত হলঃ-

১. সভাধিপতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

২. অতিরিক্ত জেলা শাসক ও অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

৩. কর্মাধ্যক্ষ, বন ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

৪. ডি. আই. ও., এন. আই. সি., পশ্চিম মেদিনীপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটি জেলার ওয়েবসাইটে প্রকাশনার জন্য।

৫. উপসচিব, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

৬. সমষ্টি উন্নয়ন আধিকারিক (সকল), পশ্চিম মেদিনীপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটি সার্বিক প্রকাশনার জন্য।

৭. জেলা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক, পশ্চিম মেদিনীপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটির সংক্ষিপ্ত সংস্করণ দৈনিক বাংলা পত্রিকায় সার্বিক প্রকাশনার জন্য।

৮. প্রধান (সকল), গ্রাম পঞ্চায়েত, পশ্চিম মেদিনীপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটি সার্বিক প্রকাশনার জন্য।

৯. জেলা তথ্য বিশ্লেষক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ, আপনাকে অনুরোধ করা হচ্ছে, বিজ্ঞপ্তিটি জিলা পরিষদ-এর ওয়েবসাইটে প্রকাশনার জন্য।

১০. নোটিশ বোর্ড, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

3/6/26

সচিব

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ